

ভ্যাপিং সম্পর্কিত তথ্য

অনেক রকমের ইলেকট্রনিক সিগারেট কিংবা 'ভ্যাপ' রয়েছে।

ভ্যাপ সম্পর্কে সবচেয়ে বড় ভুল ধারণাটি হল এগুলো সিগারেটের তুলনায় কম ক্ষতিকর।

এটি সত্য নয়। ভ্যাপ নিরাপদ নয়। ভ্যাপ শনাক্ত করা কঠিন কাজ হতে পারে কারণ এগুলো প্রায়ই দেখতে স্কুলের সাধারণ উপকরণগুলোর মতো হয় যেমন হাইলাইটার পেন, মার্কার এবং ইউএসবি ড্রাইভ। ভ্যাপের ঝুঁকি থেকে তরুন বয়সী লোকদের রক্ষা করার প্রথম পদক্ষেপটি হল ভিন্ন ভিন্ন ধরনের এবং আকারের ভ্যাপ চিনতে পারা।

প্রচলিত ভ্যাপ



ডিসপোজেবল বা ফেলে দেয়ার যোগ্য ভ্যাপ হল তরুণদের দ্বারা ব্যবহৃত সবচেয়ে প্রচলিত ভ্যাপ। এগুলোর প্রতিটিতে ৩০০ থেকে ৪০০০ এরও বেশি 'পাফ' থাকে। ভ্যাপ-যন্ত্রটিতে কতগুলো 'পাফ' রয়েছে তার উপর নির্ভর করে প্রায়শই সেগুলোর দাম ১৫ থেকে ৫০ ডলার পর্যন্ত হয়। প্রায়শই নিকোটিন অন্তর্ভুক্ত বলে লেবেল না থাকলেও এই ভ্যাপগুলোর অনেকগুলোতেই নিকোটিন থাকে।



ভ্যাপগুলি পড-স্টাইল বা রিফিলযোগ্য আধারেও আসতে পারে, যেখানে ব্যবহারকারী ই-লিকুইড বা ই-লিকুইডযুক্ত নতুন পড দিয়ে আধারটি রিফিল করে। তরুণদের কাছে এই আধারগুলো অতটা জনপ্রিয় বলে মনে হয় না।

আপনারা কি জানেন তারা কী নিচ্ছে?
health.nsw.gov.au/vaping ওয়েবসাইট থেকে প্রমাণ* এবং তথ্যাদি জেনে নিন

*সবগুলো বিবৃতির জন্যই প্রমাণ রয়েছে যা আমাদের ওয়েবসাইটে পাবেন।

